

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০৯

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪১৯
২৯ নভেম্বর, ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**Rationalized Input Template (RIT) ব্যবহার করে
ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য/বিবরণী দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২৬ জানুয়ারী ২০১২ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

১। নিম্নবর্ণিত বিবরণীসমূহ ম্যানুয়েল পদ্ধতির পরিবর্তে শুধুমাত্র ইলেক্ট্রনিক (Online) পদ্ধতিতে সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় ৩০ নভেম্বর ২০১২ তারিখের পর হতে উক্ত বিবরণী-সংশ্লিষ্ট তথ্যাদি শুধুমাত্র ইলেক্ট্রনিক পদ্ধতিতে [সংশ্লিষ্ট Input Template ব্যবহার করে] বাংলাদেশ ব্যাংকে দাখিল করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে :

SL	Name of Statement	Name of Input Template	Date of Submission
01	Net Asset Statement	T_PS_M_ASST_ASSET_LIQD T_PS_S_LIAB_FI_LIAB	Within 31 Jan. (Based on 30 Dec.) & Within 31 Jul. (Based on 30 Jun.)
02	Call Money Statement	T_PS_D_CMONEY_TRANS	Every Working Day
03	CRR/SLR Statement (Weekly Balance of Deposits)	T_PS_M_SLR_CRR	Within 7 (Seven) days of the following Month
04	CRR/SLR Statement (CRR/SLR Maintained)	T_PS_D_SLR_CASH_RES	Within 7 (Seven) days of the following Month
05	Business activities (Recovery position)	T_PS_Q_LNREC_POSITION	Within 15 (Fifteen) days after the end of the respective Quarter
06	Statement of Interest Rate in Lending and Deposit	T_PS_M_INT_RATE	Within 7 (Seven) days after the end of the respective Quarter
07	Statement of Loan/Lease Rescheduling	T_PS_M_RESCHEDED_LOANS	Within 10 (Ten) days of the following Month
08	Statement of Loan/Lease Write off	T_PS_M_WRITE_OFF_LOANLEASE	Within 10 (Ten) days of the following Month

২। অন্যান্য বিবরণীসমূহ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিদ্যমান পদ্ধতিতে (ম্যানুয়েল/ ম্যানুয়েল ও অন-লাইন যুগপৎ) বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে।

৩। নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী-সংশ্লিষ্ট তথ্যাদি সংশ্লিষ্ট RIT এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ওয়েব-পোর্টালে আপলোড না করা হলে বা বিলম্বে আপলোড করা হলে ডিএফআইএম সার্কুলার নং-০৫/২০১২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। অনুমোদিত User ID এর মাধ্যমে Log in করে হালনাগাদ রেফারেন্স ফাইল ও টেমপ্লেট এর কপি ডাউনলোড করা যাবে।

৫। ওয়েব-পোর্টালে আপলোডের পূর্বে সংশ্লিষ্ট csv ফাইলটি Open করে দেখে তা যথাযথ আছে মর্মে নিশ্চিত হয়ে আপলোড করার জন্য পরামর্শ দেয়া হলো।

৬। কলমানি সংক্রান্ত বিবরণীর তথ্যাদি দিনের শেষে (Borrowing/Lending এর পরিমাণ ও সুদের হার সম্পর্কে নিশ্চিত হয়ে) আপলোড করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৭। অন-লাইনে প্রেরিত তথ্যের প্রামাণিকরণ (Authentication) নিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংকের ওয়েব-পোর্টালে আপলোড করার পূর্বে সংশ্লিষ্ট টেমপ্লেট-এ বর্ণিত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক বা তাঁর মনোনীত/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন গ্রহণপূর্বক আপলোড করার জন্য পরামর্শ দেয়া হলো।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারার আওতায় জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মাহবুবা খাতুন)
উপ-মহাব্যবস্থাপক
ফোন নং-৯৫৩০১৪৫